দৈনিক

# ইনকিলাব

তারিখ 15 AUG 2012
পৃষ্ঠা ৫ কলাম ৫

# এমপিও বিতরণ সংক্রান্ত কার্যক্রম বিকেন্দ্রীকরণ বিষয়ে পরিপত্র জারি

স্টাফ রিপোর্টার ঃ শিক্ষা মন্ত্রণালয় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের এমপিও বিতরণ সংক্রান্ত কার্যক্রম বিকেন্দ্রীকরণ বিষয়ে এক পরিপত্র জারী করেছে। শিক্ষাসচিব স্বাক্ষরিত এ পরিপত্র জারী করা হয়। গতকাল মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে একথা জানানো হয়।

বিজ্ঞপ্তিতে পরিপত্রে উল্লেখ করে বলা হয়েছে, সরকার মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে এ যাবত কেন্দ্রীয়ভাবে এমপিও কার্যক্রম পরিচালনা করে আসছে। বর্তমানে শিক্ষা ব্যবস্থাপনার কার্যক্রমকে আরো গতিশীল, সুবিন্যস্ত ও স্বচ্ছ করার লক্ষ্যে এমপিও বিতরণ কার্যক্রম বিকেন্দ্রীকরণ প্রয়োজন। এজন্য সরকার শিক্ষা ক্ষেত্রে উন্নয়নের লক্ষ্যে শিক্ষানীতি-২০১০ প্রণয়নসহ বিবিধ সংস্কার কার্যক্রম বাস্তবায়ন করছে। শিক্ষানীতি ২০১০-এ শিক্ষা ব্যবস্থাপনা বিকেন্দ্রীকরণের উপর গুরুত্বারোপ করা হয়েছে। সে প্রেক্ষিতে জাতীয় শিক্ষানীতি বাস্তবায়নের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের এমপিও বিকেন্দ্রীকরণ কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং এ লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ৯টি জোনের মাধ্যমে এমপিও বিতরণ কার্যক্রম শুরু করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। বিকেন্দ্রীকরণের প্রথম পর্যায়ে প্রাথমিকভাবে তা একটি জোনের মাধ্যমে পাইলট করা হবে। এমপিও কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে আঞ্চলিক উপ-পরিচালক কার্যালয় খুলনা-এর প্রাতিষ্ঠানিক সক্ষমতা বিচার করে সরকার খুলনা অঞ্চলে এমপিও বিতরণ কার্যক্রম পাইলট করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। পাইলটিং হিসেবে খুলনা আঞ্চলিক অফিসে বিকেন্দ্রীকরণের কার্যক্রম চলতি মাসের মধ্যে শুরু হবে। পরিপত্রে আরো বলা হয়, খুলনা অঞ্চলের উপ-পরিচালক প্রচলিত বিধি-বিধান অনুসারে ওই অঞ্চলের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এমপিও সংক্রান্ত নথি নিষ্পত্তি করবেন। তবে খুলনা অঞ্চলের এ কার্যক্রম মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর নিয়মিত মনিটরিং করবে এবং কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করবে। খুলনা অঞ্চলে এমপিও বিকেন্দ্রীকরণের ফলে মন্ত্রণালয়ের নির্দেশনায় ছাড়কৃত এমপিও বাবদ প্রাপ্ত অর্থের চেকসমূহ ইস্যুর জন্য জেলা হিসাব রক্ষণ অফিসার খুলনা, প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা শিক্ষা মন্ত্রণালয়ের অনুরূপ দায়িত্ব পালন করবেন। এক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়ের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হবে এবং এসইএসডিপি প্রকল্প জোনাল অফিসসমূহে লোকবল প্রশিক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।